

রেজিস্টার্ড নং ডি এ-১



# বাংলাদেশ

# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০২৪

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

## প্রজ্ঞাপন

তারিখ: ০৮ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ/২১ এপ্রিল, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৩৮.০০৮.২২-১৭৪।—বাংলাদেশ নির্বাচন কমিশন স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৮৬ এ প্রদত্ত ক্ষমতাবলে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৭ এপ্রিল, ২০২৪ তারিখে-১০.০০.০০০০.১২৫.৯৯.০০৩.১৯.২৬৬ নং স্মারকমূলে জারীকৃত পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেওয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পর্কের নিমিত্ত নিয়ন্ত্রণ কর্তৃত কলামে বর্ণিত পৌরসভার শূন্যপদে উপ-নির্বাচন উপলক্ষে ৫৬ কলামে বর্ণিত ১(এক) জন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে ভোটগ্রহণের পূর্বের দুইদিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দুইদিন অর্থাৎ ২৬ এপ্রিল ২০২৪ তারিখ হতে ৩০ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল:

## “তফসিল”

ক্রম	জেলার নাম	উপজেলার নাম	পৌরসভার নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মসূল	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১.	রাজশাহী	পুরুষ পুরুষ	কাটাখালী	জনাব মোঃ হাদিউজ্জামান সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী	পৌরসভার মেয়রের শূন্য পদে

(৭৭৭৯)

মূল্য : টাকা ৪.০০

২। উল্লিখিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকলকে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেওয়া হলে তৎমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন)-এর E-mail address: ds\_law@ecs.gov.bd-এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন:

**“ছক”**

জেলার নাম : রাজশাহী

পৌরসভার নাম : কাটাখালী

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিবুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী-কে অনুরোধ করা হলো।

৫। উক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/ অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজশাহী-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য জেলা প্রশাসক, রাজশাহী-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। উপরিউক্ত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত ০২(দুই) জন সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য পুলিশ সুপার, রাজশাহী-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। বর্ণিত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দেনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আব্দুল সালাম

উপসচিব (আইন)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd